



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।

ফোনঃ ৯৫৫৩০২৮
dgmrmd@krishibank.org.bd

ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

নং-প্রকা/আরএমডি-১৯(CAMELS)/২০১৯-২০২০/১৬৪৩

তারিখ : ০৬-০১-২০২০ ইং

- ১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়।
- ২। আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, সকল আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক কার্যালয়।
- ৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা সমূহ।
- ৪। সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়: Residual Risk সম্পর্কিত তথ্য প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ব্যাংক ব্যবসা পরিচালনার জন্য বর্তমানে সঠিক ন্যূনতম মূলধন নির্ণয় করা খুবই জরুরী। বর্তমানে ব্যাংকের ন্যূনতম মূলধন নির্ণয় করার জন্য বাংলাদেশ ব্যাংকের নির্দেশনানুযায়ী Risk Based Capital Adequacy নির্ণয়ের ক্ষেত্রে Credit Risk, Market Risk and Operational Risk এর পাশাপাশি বর্তমানে Residual Risk এর তথ্য জ্ঞানা খুবই আবশ্যিক। তাই বর্তমানে ন্যূনতম মূলধন নির্ণয়ের ক্ষেত্রে Residual Risk গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

Residual Risk দুটি কারণে সৃষ্টি হয় :

১. Documentation Error : ঋণ প্রদানের সময় যে সকল দলিলপত্রাদি গ্রহণ করা হয় সেখানে যে সমস্ত ভুল ত্রুটি পরিলক্ষিত হয় (যেমন ছবি না নেয়া, ভুল দলিল গ্রহণ, দলিলে ত্রুটি থাকা, জমির পর্চা ও হালদাখিলা, জামানতি সম্পত্তির সঠিকতা যাচাই না করা, সকল ফর্মের নির্দিষ্ট স্থানে ঋণগ্রহীতার স্বাক্ষর গ্রহণ না করা, ঋণের ফর্ম সঠিকভাবে পূরণ না করা, নাগরিক সনদ না নেওয়া, ঋণ মূল্যায়নকারী ও তদন্তকারীর স্বাক্ষর না থাকা, দলিলায়ন সঠিকভাবে না করা ইত্যাদি)।

২. Valuation Error : জামানতি সম্পত্তির মূল্যমান নির্ধারণে যে ত্রুটি হয় অর্থাৎ জামানতের মূল্য বেশী ধরা।

০২। বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ২২-০৩-২০১১ তারিখের বিআরপিডি (বিআইসি) ৬৬১/১৪ বি (পি)/২০১১-৬২ নং পত্র মোতাবেক সকল তফসিলা ব্যাংকের জন্য SRP-SREP(Supervisory review process- Supervisory review evaluation process Dialogue on ICAAP (Internal Capital Adequacy Assessment Process) ২০১১ সাল থেকে শুরু হয়। যা অদ্যাবধি বছর ভিত্তিক ব্যাংকের প্রয়োজনীয় মূলধন নির্ণয়ের ক্ষেত্রে প্রযোজ্য আছে। প্রয়োজনীয় মূলধন নির্ণয়ের লক্ষ্যে Residual Risk এর জন্য অতিরিক্ত কি পরিমাণ মূলধন রাখতে হবে তা নির্ণয়ের জন্য আপত্তিকৃত ঋণসমূহের তথ্য জ্ঞানা আবশ্যিক।

০৩। এমতাবস্থায়, ব্যাংকের সর্বশেষ অভ্যন্তরীণ নিরীক্ষায় আপত্তিকৃত সকল প্রকল্প ঋণ/সিসি ঋণ/ জামানতি সম্পদের বিপরীতে প্রদত্ত ঋণের তথ্যাবলী শাখানুযায়ী একত্রীভূত করে নিম্নোক্ত ছক মোতাবেক ১৩-০২-২০২০ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল মহাব্যবস্থাপক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ), উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, সকল আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক :


তথ্যমাত্র অভ্যন্তরীণ নিরীক্ষায় আপত্তিকৃত সিসি / প্রজেক্ট/ জামানতি সম্পত্তির বিপরীতে প্রদত্ত ঋণের জন্য প্রযোজ্য।

(লক্ষ টাকায়)

| শাখার নাম | ঋণ গ্রহীতার নাম ও ফলিও নং | ঋণের প্রকৃতি (সিসি/প্রকল্প/ অন্যান্য) | ভুলের প্রকারভেদ (Documentation/ Valuation Error) | অনাদারী ঋণের পরিমাণ | ঋণের শ্রেণীবিন্যাস (ইউসি,এসএস, ডিএফ,বিএল) | CL format অনুযায়ী ঋণের Base for provision |
|-----------|---------------------------|---------------------------------------|--|---------------------|---|--|
| ১ | | | | | | |
| ২ | | | | | | |
| ৩ | | | | | | |
| ৪ | | | | | | |

০৪। বিষয়টি অতীব জরুরী বিষয় সঠিক তথ্যাবলী সন্নিবেশিত করে নির্দিষ্ট সময়ের মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যথাসময়ে তথ্য প্রেরণ না করার কারণে কোন জটিলতা সৃষ্টি হলে তার দায়দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা/ বিভাগ/ কার্যালয়কে বহন করতে হবে। এতৎবিষয়ে যে কোনো প্রয়োজনে অত্র বিভাগের সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) জনাব মোঃ আকতার হোসেন, মোবাইলঃ-০১৮১৭-০৭১৪৮৭ ও মুখ্য কর্মকর্তা জনাব নাজমুন নাহার কেয়া মোবাইল নং- ০১৭৫২৭৭৬৬৩০ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

অপনার বিশ্বস্ত

(মোঃ আকতার হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ১/২/৩ এর সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ) এর দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ) এর দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।